

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি.জি./৪.৫১

বিষয় : অন্য় ও শৈলী

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

প্রতিটি বিভাগ থেকে অন্তত একটি প্রশ্নসহ মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

বিভাগ - ক

- ১। দৃষ্টান্তসহ এক্স-বার কাঠামোর (X-bar schema) বর্ণনা দাও। পুনর্লিখন সূত্র দ্বারা এই কাঠামোর ব্যাকরণটিকে ব্যাখ্যা করো।
৬+৪=১০
- ২। সি-কমান্ড (C-command) কাকে বলে? সি-কমান্ডের গুরুত্ব দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।
৩+৭=১০
- ৩। টীকা লেখো (যে-কোনও দুটি) :
অভিবাসন (movement), ট্রেস (trace), তিঙ্ জোট (inflexion phrase), ফিল্টার
২×৫=১০

বিভাগ - খ

- ৪। মেটাফর (Metaphor), মেটোনিমি (Metonymy), এলিপসিস (Ellipsis), সিলেপসিস (Syllepsis), বিচ্যুতি, ফ্রন্টিং (Fronting) — এই পদ্ধতিগুলি ব্যবহার করে শৈলী নির্ণয় করো।
১০

যদি এই ভেজা মাটি শিশির দুর্বায়,
অনেক বিপথে ঘুরে পা দু-খানি পথ খুঁজে পায় –
তবে কোনো প্রাস্তরের পারে,
কিংবা কোনো ভুলে-যাওয়া নদীর কিনারে,
মানুষের প্রেমের কি সংসারের বিচিত্র কাকলি,
ধূসর পাহাড়ে ঘেরা গ্রাম কিংবা শ্যাম বনস্থলী,
পুরাতন আকাশ কি পুরোনো তারারা,
ধ্যানের শাসনে পেয়ে ছাড়া
হবে নত আমার এ হৃদয়ের পুরোনো পুঁথিতে
কোনো-এক নতুন কবিতা লিখে দিতে?
আমি সেই মুহূর্তেরে খুঁজে
শহরে, বাজারে, হাটে, মাঠের সবুজে,
কখনো অরণ্যে, কভু রাজধানীর-পথে জনতায়,

ঘুরেছি অনেক ক্লাস্ত পায়।...

হ'লো কতোদিন!

সকালের রোদ আজ বিকেলের ছায়ায় মলিন।

তবু জানি প্রাণের সে চরম জিজ্ঞাসা

আজো করে উত্তরের আশা

আকাশে বাতাসে চাঁদে, কখনো বা মানুষের ঘরে,

পাখির আওয়াজে আর প্রণয়ের মৃদু কণ্ঠস্বরে।

হয়তো জীবনে কিংবা জীবনেরও বড়ো কল্পনায়

সে-মুহূর্ত আছে যেন, আছে প্রতীক্ষায়।

৫। ইমেজ কাকে বলে? উদাহরণসহ ইমেজের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৪+৬=১০

অথবা

৬। টীকা লেখো (যে কোনো দুটি) :

২×৫=১০

সমান্তরালতা, আখ্যানশৈলী, মৌখিক কথনরীতি, কাব্যধর্মী গদ্য

★ ★ ★